গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ

আইসিটি শাখা

www.habiganj.gov.bd

সভাপতি	মাহমুদুল কবীর মুরাদ জেলা প্রশাসক
সভার তারিখ	২০.০১.২০১৯ খ্রি:
সভার সময়	বেলা ১২:৩০ ঘটিকা
স্থান	জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, হবিগঞ্জ।
উপস্থিতি	পরিশিষ্ট "ক"

জেলা আইসিটি কমিটির জানুয়ারি, ২০১৯ খ্রি: মাসের মাসিক সভার কার্যবিবরণী:

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর নিম্নরূপ আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

১. ইউডিসি পরিদর্শন সংক্রান্তঃ

১.১: জেলা প্রশাসক এবং অতিরিক্ত জেলা প্রশাসকগণ কর্তৃক ডিসেম্বর/২০১৮খ্রিঃ মাসের পরিদর্শন/দর্শন:

ক্রমিক	কর্মকর্তা	ইউডিসি পরিদর্শন/দর্শন
০১.	জেলা প্রশাসক, হবিগঞ্জ	০৩টি
০২.	অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), হবিগঞ্জ	০৪টি

১.২: উপজেলা নির্বাহী অফিসারগণ কর্তৃক ডিসেম্বর/২০১৮খ্রিঃ মাসে ইউডিসি পরিদর্শন/দর্শন ও অন্যান্য তথ্য:

ক্র.ন	উপজেলা	উপজেলা আইসিটি কমিটির সভা অনুষ্ঠানের তারিখ		ইউডিসি					
		সভা অনুষ্ঠানের তারিখ	সভারকার্য বিবরণী প্রেরণ করাহয়েছে কিনা	মোট ইউডিসির সংখ্যা	ইউএনও কর্তৃক পরিদর্শন	ইউএনও কর্তৃক দর্শন	ইউডিসির মাসিক মোট আয় (টাকা)	ইউডিসি হতে মোটসেবা গ্রহীতা	অন্যান্য প্রশিক্ষণ
০১	হবিগঞ্জ সদর	১৮/১২/১৮	হ্যাঁ	১০টি	০৪টি	০৫টি	৩০,৭৫৭/-	৮৯৬জন	কম্পিউটার প্রশিক্ষণ দেয়া হচ্ছে।
০২	লাখাই	২৭/১২/১৮	হ্যাঁ	০৬টি	০৩টি	০২টি	৩১,৬৪৩/-	৫৭৪জন	
০৩	নবীগঞ্জ	১৩/১২/১৮	হ্যাঁ	১৩টি	০৬টি	০৫টি	১,০১,৯৬০/-	২,৮৩১ জন	
০৪	বাহুবল	২৯/১২/১৮	হ্যাঁ	০৭টি	০৪টি	০৩টি	১৩,৩৯৭/-	৪১৯ জন	
০৫	মাধবপুর	১২/১২/১৮	হ্যাঁ	১১টি	০৪টি	০৫টি	৮১,০৫৫/-	৩,৩৭৪ জন	
০৬	চুনারুঘাট	২০/১২/১৮	হ্যাঁ	১০টি	০৩টি	০৪টি	৩৪,৫৮৫/-	৯০১জন	
০৭	বানিয়াচং	১৩/১২/১৮	হ্যাঁ	১৫টি	০৬টি	০৫টি	৪৪,৬৮২/-	১,৩৯৬জন	
০৮	আজমিরীগঞ্জ	২৯/১২/১৮	হ্যাঁ	০৫টি	০৩টি	০২টি	৪৪,১৩৫/-	১,৫৯৬ জন	
০৯	শায়েস্তাগঞ্জ	২০/১২/২০১৮	হ্যাঁ	০৩টি	০১টি	০১টি	৫,০১০/-	১০৩ জন	

সভাপতি উল্লেখ করেন জেলায় ৭৮ টি ইউডিসির মধ্যে ৭৭টি ইউডিসি সক্রিয় অবস্থায় রয়েছে। আগামী মাস হতে সকল ইউডিসিসমূহ সর্বাবস্থায় সচল রাখার লক্ষ্যে ইউনিয়ন ডিজিটাল সেন্টার পরিদর্শন/দর্শন, ইউডিসির আয় ও সেবা এবং উপজেলা আইসিটি কমিটির সভা নিয়মিত অনুষ্ঠানের বিষয়ে উপজেলা নির্বাহী অফিসারগণকে তিনি নির্দেশনা প্রদান করেন।

সিদ্ধান্তঃ ১. অতিরিক্ত জেলা প্রশাসকগণ, উপজেলা নির্বাহী অফিসার (সকল) এবং জেলা ও উপজেলা আইসিটি কমিটির সকল সদস্যকে ইউডিসি ও পিডিসি নিয়মিত পরিদর্শন/দর্শন করার জন্য অনুরোধ করা হলো। তাছাড়া উপজেলা আইসিটি কমিটির মাসিক সভা নিয়মিত অনুষ্ঠানের জন্য সভাপতি, উপজেলা আইসিটি কমিটি (সকল)-কে অনুরোধ করা হলো।

বাস্তবায়নেঃ (১) অতিরিক্ত জেলা প্রশাসক (সকল), হবিগঞ্জ
(২) উপজেলা নির্বাহী অফিসার (সকল), ও সভাপতি, উপজেলা আইসিটি কমিটি (সকল), হবিগঞ্জ
(৩) জেলা আইসিটি কমিটির সদস্য (সকল), হবিগঞ্জ।

২. বিষয় ভিত্তিক আলোচনা এবং সিদ্ধান্ত:

২.১: জেলা, উপজেলা ও ইউনিয়ন ওয়েব পোর্টালের তথ্য সংক্রান্ত:

সভাপতি বলেন, জেলা পোর্টাল ও উপজেলা পর্যায়ে পোর্টালসমূহ পূর্ণাঙ্গ আপডেট নেই। জেলা, উপজেলা ও ইউনিয়ন পোর্টালসমূহের ওয়েব পেইজের আপলোডকৃত বিভিন্ন তথ্য ও বিষয় বস্তুনিষ্ঠতা যাচাইকরণসহ স্ব স্ব ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদ রাখার বিষয়ে তিনি নির্দেশনা প্রদান করেন। জেলা পোর্টাল হালনাগাদ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ জেলাধীন কর্মরত সকল সহকারী প্রোগ্রামারকে অনুরোধ করা হয়।

সিদ্ধান্তঃ স্ব স্ব ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদ রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

বাস্তবায়নেঃ (১) জেলা পর্যায়ের বিভাগীয় প্রধান (সকল), হবিগঞ্জ
(২) উপজেলা নির্বাহী অফিসার (সকল), হবিগঞ্জ
(৩) সহকারী কমিশনার (আইসিটি)/সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, হবিগঞ্জ।

২.২: ইউডিসি আয় ও সেবা প্রদান সংক্রান্ত তথ্য আপলোড সংক্রান্ত:

সভায় ইউডিসি আয় ও সেবা প্রদান সংক্রান্ত তথ্য আপলোড সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। ইউনিয়ন ও পৌর ডিজিটাল সেন্টারগুলোর উদ্যোক্তাগণ কর্তৃক নিয়মিত একসেবার সিস্টেমে আয়ের তথ্য আপলোড করা হচ্ছে না। আগামী মাস হতে একসেবার সিস্টেমে আয়ের তথ্য শতভাগ আপলোডের উপর গুরুত্ব আরোপ করা হয়।

সিদ্ধান্তঃ ইউনিয়ন ও পৌর ডিজিটাল সেন্টার গুলোর উদ্যোক্তাগণকে নিয়মিত একসেবা সিস্টেমে আয়ের তথ্য আপলোডকরণ নিশ্চিত করার জন্য সকল উপজেলা নির্বাহী অফিসার-কে অনুরোধ করা হয়।

বাস্তবায়নেঃ (১) উপজেলা নির্বাহী অফিসার (সকল), হবিগঞ্জ

২.৩: অনলাইনে রেকর্ডরুম হতে পর্চা সরবরাহ সংক্রান্ত:

সভায় অনলাইনে রেকর্ডরুম হতে পর্চা সরবরাহ সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়। আলোচনাকালে সভাপতির অনুমতিক্রমে সহকারী কমিশনার (আইসিটি), হবিগঞ্জ জানান যে, অনলাইনে রেকর্ডরুম হতে পর্চা সরবরাহের জন্য জেলা ই-সেবা কেন্দ্র (ফ্রন্টডেস্ক) এর মাধ্যমে এ কার্যালয়ে ডিসেম্বর/২০১৮খ্রিঃ মাসে ১,০৮৯ টি আবেদন পাওয়া যায়। তন্মধ্যে ১,০৬২ টি আবেদনের পর্চা রেকর্ডরুমে প্রস্তুত ক্রমে জেলা ই-সেবা কেন্দ্র হতে সরবরাহ করা হয়েছে।

সিদ্ধান্তঃ অনলাইনে রেকর্ডরুম হতে পর্চা সরবরাহের ক্ষেত্রে সাধারণ জনগণকে যাতে দুর্ভোগের শিকার না হতে হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে।

বাস্তবায়নেঃ (১) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), হবিগঞ্জ
(২) ভারপ্রাপ্ত কর্মকর্তা, রেকর্ডরুম শাখা, হবিগঞ্জ।

ই-ফাইলিং সিস্টেমে চিঠিপত্র নিষ্পত্তি:

সভায় ই-ফাইলিং(নথি) সিস্টেমে চিঠিপত্র নিষ্পত্তি সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়। সভাপতি বলেন যে, ই-নথি সিস্টেমের শতভাগ কার্যকর পদক্ষেপ অব্যাহত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এছাড়া অফিস চলাকালীন প্রতি বৃহস্পতিবার স্ব স্ব ই-নথির কার্যক্রম শতভাগ সম্পন্নকরণসহ প্রযোজ্য ক্ষেত্রে ম্যানুয়েলি ব্যতীত সকল বিষয়/নথি ই-ফাইলিং এ উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন।

সিদ্ধান্তঃ এ কার্যালয়ের সকল শাখার চিঠিপত্র ই-নথি সিস্টেমের মাধ্যমে উপস্থাপন, পত্রজারি শতভাগ নিষ্পত্তি নিশ্চিত করার জন্য উপপরিচালক, স্থানীয় সরকার, হবিগঞ্জ এবং অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব) ও বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, হবিগঞ্জ-কে অনুরোধ করা হলো।

বাস্তবায়নেঃ(১) উপপরিচালক, স্থানীয় সরকার, হবিগঞ্জ
(২) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব) ও বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, হবিগঞ্জ।

২.৫: সরকারি ই-মেইল ব্যবহার সংক্রান্ত:

সভায় সরকারি ই-মেইল ব্যবহার সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়। সভাপতি তাঁর বক্তব্যে তথ্য প্রযুক্তির মাধ্যমে দ্রুততম সময়ে দাপ্তরিক কার্যক্রম সম্পন্নের স্বার্থে ‘সরকারি ই-মেইল নীতিমালা ২০১৮’ ব্যবহারের উপর জোর দেন এবং সকলকে নিয়মিত ই-মেইল ব্যবহার ও চেক করার জন্য অনুরোধ জানান।

সিদ্ধান্তঃ তথ্য প্রযুক্তির মাধ্যমে দ্রুততম সময়ে দাপ্তরিক কার্যক্রম সম্পন্নের স্বার্থে ‘সরকারি ই-মেইল নীতিমালা ২০১৮’ ব্যবহার নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

বাস্তবায়নেঃ (১) জেলা পর্যায়ের বিভাগীয় প্রধান (সকল), হবিগঞ্জ
(২) উপপরিচালক, স্থানীয় সরকার, হবিগঞ্জ
(৩) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব) ওবিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, হবিগঞ্জ।
(৪) উপজেলা নির্বাহী অফিসার (সকল), হবিগঞ্জ।

২.৬: উপজেলা আইসিটি কমিটির সভা অনুষ্ঠান সংক্রান্ত:

সভায় উপজেলা আইসিটি কমিটির সভা অনুষ্ঠান সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়। উপজেলা আইসিটি কমিটির সভা অনুষ্ঠান সংক্রান্ত প্রাপ্ত তথ্যে দেখা যায়, জেলাধীন সকল উপজেলায় ডিসেম্বর, ২০১৮ খ্রিঃ মাসে সভা অনুষ্ঠিত হয়েছে। এ প্রসঙ্গে সভাপতি উপজেলা আইসিটি কমিটির মাসিক সভা নিয়মিত অনুষ্ঠান সহ সভার কার্যবিবরণী যথাসময়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

সিদ্ধান্তঃ উপজেলা আইসিটি কমিটির মাসিক সভা নিয়মিত অনুষ্ঠান সহ সভার কার্যবিবরণী যথা সময়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট প্রেরণের জন্য জেলাধীন সকল ইউএনও ও সভাপতি, উপজেলা আইসিটি কমিটি-কে অনুরোধ করা হয়।

বাস্তবায়নেঃ (১) উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা আইসিটি কমিটি (সকল), হবিগঞ্জ।

২৭: ইউডিসি হতে পল্লী বিদ্যুতের বিল আদায় কার্যক্রম সংক্রান্ত:

সভায় ইউডিসি হতে পল্লী বিদ্যুতের বিল আদায় কার্যক্রম সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়। গত সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে পল্লী বিদ্যুতের বিল আদায় কার্যক্রম বিষয়ে হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির সাথে যোগাযোগ অব্যাহত রাখার বিষয়ে আলোচনা হয়।

সিদ্ধান্তঃ ইউডিসি হতে পল্লী বিদ্যুৎ বিল আদায় সংক্রান্ত বিষয়ে হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ এর সাথে যোগাযোগ অব্যাহত রাখার জন্য জেলাধীন সকল উপজেলা নির্বাহী অফিসার-কে অনুরোধ করা হলো।

বাস্তবায়নেঃ (১) জেনারেল ম্যানেজার, হবিগঞ্জ পল্লী বিদ্যুৎসমিতি, শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ
(২) উপজেলা নির্বাহী অফিসার (সকল), হবিগঞ্জ।

২.৮: উদ্যোক্তার তথ্য সংক্রান্ত:

সভায় উদ্যোক্তার তথ্য সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়। প্রত্যেক উপজেলাতেই প্রতিটি ইউডিসি/পিডিসিতে ০১ জন পুরুষ ও ০১ জন নারী উদ্যোক্তা কর্মরত আছে। এ প্রসঙ্গে সভাপতি তাঁর বক্তব্যে উদ্যোক্তাদের সকলকেই নিয়মিত স্ব স্ব ইউনিয়ন পরিষদে উপস্থিত থাকার বিষয়টি নিশ্চিতকরণসহ দাপ্তরিক কাজের সুবিধার্থে তাদের সকলের প্রোফাইল ও স্ব স্ব পোর্টালে হালনাগাদ করার উপর গুরুত্বারোপ করেন।

সিদ্ধান্তঃ উদ্যোক্তাদের প্রোফাইল স্ব স্ব পোর্টালে আপলোড করাসহ সকলকেই নিয়মিত স্ব স্ব কর্মস্থলে উপস্থিত থাকার বিষয়টি নিশ্চিত করার জন্য জেলাধীন সকল উপজেলা নির্বাহী অফিসার-কে অনুরোধ করা হলো।

বাস্তবায়নেঃ (১) উপজেলা নির্বাহী অফিসার (সকল), হবিগঞ্জ।

২.৯: বিসিসি হতে শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত ল্যাব পরিদর্শন প্রতিবেদন দাখিল বিষয়ক তথ্য সংক্রান্ত:

সভায় বিসিসি হতে শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত ল্যাব পরিদর্শন প্রতিবেদন দাখিল বিষয়ক তথ্য সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়। আলোচনাকালে সভায় জেলা শিক্ষা অফিসার বলেন যে, বিসিসি হতে এ জেলায় মোট ৫৮টি শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাব স্থাপন করা হয়েছে। ল্যাবসমূহ জেলা শিক্ষা অফিসার নিজে এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণ নিয়মিত পরিদর্শন করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবরে প্রতিবেদন প্রেরণ করছেন।

সিদ্ধান্তঃ বিসিসি হতে শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত ল্যাবসমূহ নিয়মিত পরিদর্শনক্রমে যথাসময়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবরে প্রতিবেদন দাখিল অব্যাহত রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

বাস্তবায়নেঃ (১) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব) ও বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, হবিগঞ্জ
(২) জেলা শিক্ষা অফিসার, হবিগঞ্জ
(৩) উপজেলা নির্বাহী অফিসার (সকল), হবিগঞ্জ।

২.১০ জেলা পর্যায়ে বিভিন্ন প্রশিক্ষণ আয়োজনের তথ্য সংক্রান্ত :

সভায় জেলা পর্যায়ে বিভিন্ন প্রশিক্ষণ আয়োজনের তথ্য সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়। সভাপতি বলেন যে, ইতোমধ্যে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে ই-ফাইল নথির ৭টি End User Training এর মধ্যে ইতিমধ্যে ৭টি ব্যাচে প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে। কর্মসূচি মোতাবেক যথাসময়ে যাতে জেলা পর্যায়ে এ কার্যালয়ে সংশ্লিষ্ট প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ করা হয় সেলক্ষ্যে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), হবিগঞ্জ ও সহকারী কমিশনার (আইসিটি), হবিগঞ্জ-কে অনুরোধ করা হলো।

বাস্তবায়নেঃ (১) অতিরিক্ত জেলাপ্রশাসক (সার্বিক), হবিগঞ্জ
(২) সহকারী কমিশনার (আইসিটি), হবিগঞ্জ।

২.১১: মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিদর্শন সংক্রান্ত:

সভায় মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিদর্শন সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়। আলোচনাকালে জেলা শিক্ষা অফিসার নিম্নরূপভাবে এ জেলার মাল্টিমিডিয়া ক্লাসরুম সংক্রান্ত প্রতিবেদন (ডিসেম্বর/২০১৮খ্রিঃ মাসের) উপস্থাপন করেন।

(ক) জেলায় আইসিটি সরঞ্জাম ও প্রশিক্ষণ প্রাপ্ত মোট শিক্ষা প্রতিষ্ঠান (সংখ্যা): ২০৬টি
(তন্মধ্যে হাইস্কুল-১১৪টি, জুনিয়রস্কুল-০৫টি, স্কুল এন্ডকলেজ-০৭টি, কলেজ-১৯টি, মাদরাসা-৪৭টি বেসরকারি ভাবে প্রাপ্ত-১৪)।

(খ) অগ্রাধিকার ভিত্তিতে (সারাদেশে ৪৭০০) জেলার তালিকাভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান (সংখ্যা): ৬৪টি
(গ) মাল্টিমিডিয়া ক্লাসরুম সক্রিয় শিক্ষা প্রতিষ্ঠান (সংখ্যা) : ২০৬টি
(ঘ) শিক্ষা কর্মকর্তাগণ ও জেলা প্রশাসন কর্তৃক পরিদর্শন করা হয়েছে এরূপ প্রতিষ্ঠান : ৫৮ টি
(ঙ) জেলায় In-house প্রশিক্ষণ আয়োজনকারী শিক্ষাপ্রতিষ্ঠান : ২০টি

সভাপতি বক্তব্যে বলেন যেসকল শিক্ষক প্রশিক্ষণপ্রাপ্ত তাঁরা ক্লাসরুমে যথাযথভাবে ডিজিটাল কনটেন্ট উপস্থাপন করলেই মাল্টিমিডিয়া ক্লাসরুমের কার্যকারিতা নিশ্চিত হবে । সেজন্য সংশ্লিষ্ট সকলের সতর্ক দৃষ্টি রাখা প্রয়োজন।

সিদ্ধান্তঃ মাল্টিমিডিয়া ক্লাসরুম নিয়মিত পরিদর্শনসহ পরিদর্শনকালে প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের ডিজিটাল কনটেন্ট উপস্থাপনের বিষয়টি লক্ষ্য রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

বাস্তবায়নেঃ (১) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব) ও বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, হবিগঞ্জ
(২) জেলা শিক্ষা অফিসার, হবিগঞ্জ
(৩) উপজেলা নির্বাহী অফিসার (সকল), হবিগঞ্জ
(৪) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), হবিগঞ্জ।

২.১২: জনসেবায় Facebook এর ব্যবহার বৃদ্ধি সংক্রান্ত:

সভায় জনসেবায় Facebook এর ব্যবহার বৃদ্ধি সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), হবিগঞ্জ বলেন যে, এ কার্যালয়ের নামে একটি ফেইসবুক পেজ চালু করা হয়েছে। এই পেজের মাধ্যমে বিভিন্ন ধরণের নাগরিক আবেদন ও সমস্যার বিষয়ে তাৎক্ষণিক সমস্যা সমাধান দেওয়া সম্ভব যা সেবা প্রদান কার্যক্রমকে গতিশীল করবে এবং নাগরিকগণ বিনা ভোগান্তিতে সরকারি সেবা পাবে। স্ব-স্ব অফিসের নামে ফেসবুক আইডি ও ফেসবুক পেজ ওপেন করে জেলা কার্যালয়ের ফেসবুক পেজ এর সাথে লিংক স্থাপন করার জন্য তিনি অনুরোধ জানান।

সিদ্ধান্তঃ জনসেবায় Facebook এর ব্যবহার বৃদ্ধি এবং সংশ্লিষ্ট সকলের ফেসবুক আইডি ও ফেসবুকপেজ ওপেন করে ফেসবুকের Public Service Innovation গ্রুপে সক্রিয়ভাবে অংশগ্রহণ করার বিষয়টি নিশ্চিতসহ স্ব-স্ব অফিসের নামে ফেসবুক আইডি ও ফেসবুক পেজ ওপেন করে জেলা কার্যালয়ের ফেসবুক পেজ এর সাথে লিংক স্থাপন করার জন্য বিষয়টি জেলা উন্নয়ন সমন্বয় কমিটি এবং জেলা ইনোভেশন কমিটির সভায় আলোচনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ও জেলা ইনোভেশন অফিসার, হবিগঞ্জ-কে অনুরোধ করা হলো।

বাস্তবায়নেঃ (১) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ও জেলা ইনোভেশন অফিসার, হবিগঞ্জ।

২.১৩: ইউডিসি ও পিডিসি পরিদর্শন সংক্রান্ত:

সভায় ইউডিসি ও পিডিসি পরিদর্শন সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়। সভাপতি ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে জনগণের দুর্ভোগ লাঘব এবং ডিজিটাল সেন্টারের কার্যক্রম সচল রাখার স্বার্থে নিয়মিত ইউডিসি ও পিডিসিসমূহ পরিদর্শন করার জন্য কমিটির সকল সদস্যের দৃষ্টি আকর্ষণ করেন।

সিদ্ধান্তঃ জেলাধীন সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টার ও পৌর ডিজিটাল সেন্টার নিয়মিত পরিদর্শনের জন্য জেলা আইসিটি কমিটির সকল সদস্যকে অনুরোধ করা হলো।

বাস্তবায়নেঃ (১) জেলা আইসিটি কমিটির সদস্য (সকল), হবিগঞ্জ।
(২) জেলা ইনোভেশন কমিটির সদস্য (সকল), হবিগঞ্জ।

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মাহমুদুল কবীর মুরাদ
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.৪৬.৩৬০০.০১৪.০১.০০৯.১৬.৬২

তারিখ: ১ ফাল্গুন ১৪২৫
১৩ ফেব্রুয়ারি ২০১৯

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব এর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ

২) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

৩) সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়

৪) সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫) সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বিসিসি ভবন (৫ম তলা) ই-১৪/এক্স, আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭

৬) পরিচালক (প্রশাসন), পরিচালক - ১৫, প্রধানমন্ত্রীর কার্যালয়

৭) নির্বাহী পরিচালক, বিসিসি, ই-১৪/এক্স, বিসিসি ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭

৮) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ব্যান্সডক ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭

৯) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।

১০) পুলিশ সুপার, হবিগঞ্জ।

১১) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, হবিগঞ্জ।

১২) উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ

১৩) সিভিল সার্জন, হবিগঞ্জ।

১৪) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ।

১৫) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ।

১৬) উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ/হবীগঞ্জ/হবিগঞ্জ

১৭) জনাব......................................,সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রট (সকল),জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ

১৮) জেলা শিক্ষা কর্মকর্তা, হবিগঞ্জ

মাহমুদুল কবীর মুরাদ
জেলা প্রশাসক